গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.rdcd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৪৭.০০.০০০০.০০০.০৩৭.০৬.০০১০.২৫-১৭

২০ মাঘ ১৪৩২
তারিখ: ----------
০৩ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-তে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর-ডিসেম্বর/২০২৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)-তে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর-ডিসেম্বর/২০২৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৮.০১.২০২৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১৮ (আঠারো) পৃষ্ঠা।

০৩.০২.২০২৬

(মোহাম্মদ আবু সাঈদ মোল্লা)
উপসচিব
ফোন: +৮৮-০২-৪৭১২৪৪২৭
plan1.section@rdcd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কারওয়ান বাজার, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৮। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা।
১০। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া।
১১। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন (৭ম তলা), ৫, কারওয়ান বাজার, ঢাকা।
১৪। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি:(মিল্ক ইউনিয়ন), তেজগাঁও, ঢাকা।
১২। উপসচিব, (উন্নয়ন অধিশাখা)/পরিকল্পনা শাখা-২/৩/৫, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা।
১৫। সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**, ঢাকা।
১৬। সহকারী সচিব, পরিকল্পনা শাখা-৪/৬, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

০১। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা।
০৩। মাস্টার ফাইল/অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা শাখা-১
www.rdcd.gov.bd

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের অক্টোবর-ডিসেম্বর, ২০২৫ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোহাং শওকত রশীদ চৌধুরী সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সম্মেলন কক্ষ কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়।
সভার তারিখ	:	২৮.০১.২০২৬ খ্রিস্টাব্দ।
সভার সময়	:	সকাল ১১:০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট-"ক" তে সদয় দ্রষ্টব্য।

২.০ উপস্থাপনা ও আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সভাকে অবহিত করেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ০৮টি প্রকল্প চলমান আছে। যার মধ্যে জুন, ২০২৬ মাসে আরও ০৩টি প্রকল্প সমাপ্ত হবে এবং নতুন ০৪ (চার)টি প্রকল্প চলমান প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। সভায় আরও জানানো হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ১৪৬৮৯.০৪ (একশত ছেচল্লিশ কোটি উননব্বই লক্ষ চার হাজার) টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১১৩৪৪.৩১ (একশত তের কোটি চুয়াল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা।

২.১ অতঃপর সভার আলোচ্যসূচী অনুয়ায়ী কার্যক্রম উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

২.১.২ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:

আলোচনা	সিদ্ধান্ত
গত ২৮.১০.২০২৫ তারিখে অনুষ্ঠিত ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট-সেপ্টেম্বর/২০২৫ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী ০২.১১.২০২৫ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। প্রেরিত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা সভায় অবহিতকরণের জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে।	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩.০ গত সভায় গৃহীত সাধারণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

ক্র: নং	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি প্রণয়নের জন্য নির্ধারিত ছকে তথ্যাদি যথাসময়ে দাখিল করতে হবে।	২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি প্রণয়নের জন্য পরিকল্পনা কমিশনের চাহিদা অনুযায়ী নির্ধারিত ছকে পরিকল্পনা কমিশনে তথ্যাদি প্রেরণ করা হয়। ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপিতে এ বিভাগের অনুমোদিত ১২টি প্রকল্পের অনুকূলে ৩৭৬১০.৬১ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।
২.	মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে গত ১৯ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থা আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে PD Pool গঠন করে প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।	মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৯ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থার প্রধানগণ PD Pool গঠনের বিষয়ে সভাকে অবহিত করতে পারেন।
৩.	সকল আর্থিক বিধি-বিধান অনুযায়ী ব্যয় এবং সকল প্রকল্প ক্রয়ের পিপিআর-২০২৫ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।	গত ২৮.১০.২০২৫ তারিখের এডিপি সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা-কে গত ০২.১১.২০২৫ তারিখে নির্দেশনা প্রদান করা হয়েছে। স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধানগণ সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন।

ক্র: নং	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
৪.	অনুমোদনের জন্য সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বিষয়ে স্ব স্ব দপ্তর/সংস্থা অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন।	সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বিষয়ে স্ব স্ব দপ্তর/সংস্থা অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রেখেছে।
৫.	"পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা" শীর্ষক প্রকল্পটির বিষয়ে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের গত ০৩-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে।	গত ০৩/০৮/২০২৫ তারিখে প্রকল্প প্রস্তাব উপস্থাপন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পের জমি বরাদ্দের বিষয়ে জেলা পরিষদ রাঙ্গামাটি সম্মতি জ্ঞাপন করেছে। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিপিপি হালনাগাদকরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং তা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হবে।
৬.	প্রকল্পের সদস্য সংখ্যা, সঞ্চয় জমা ও ঋণ বিতরণের তথ্য সঠিকভাবে প্রাপ্তির নিমিত্ত এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে নতুন প্রকল্পসমূহের কার্যক্রম Integrated Digital Service Delivery Platform (IDSDP) এর মাধ্যমে পরিচালনা করতে হবে।	প্রকল্পের সদস্য সংখ্যা, সঞ্চয় জমা ও ঋণ বিতরণের তথ্য সঠিকভাবে প্রাপ্তির নিমিত্ত প্রকল্পসমূহের কার্যক্রম Integrated Digital Service Delivery Platform (IDSDP) এর মাধ্যমে পরিচালনার বিষয়ে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধানগণ সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন।
৭.	আগামী ১৫ দিনের মধ্যে সমাপ্ত প্রকল্পের পিসিআর অত্র বিভাগে প্রেরণ করা নিশ্চিত করতে হবে।	স্ব স্ব দপ্তর/সংস্থার প্রধান ও প্রকল্প পরিচালকগণ সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন।

৪.০ চলতি অর্থবছরে (২০২৫-২৬) এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত, অর্থ ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি:

যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অক্টোবর-ডিসেম্বর/২০২৫ মাস ১৪৬৮৯.০৪ (একশত ছেচল্লিশ কোটি উননব্বই লক্ষ চার হাজার) টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১১৩৪৪.৩১ (একশত তের কোটি চুয়াল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা, যা বরাদ্দের ২৭.১৪% এবং জাতীয় গড় ১৭.৫৪%। প্রকল্প ভিত্তিক অগ্রগতি নিম্নরূপঃ

(অংকসমূহঃ লক্ষ টাকায়)

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	প্রাক্কলিত ব্যয়	২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়			চলতি (২০২৫-২৬) অর্থবছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিভূত ব্যয় ও অগ্রগতি		
			বরাদ্দ (প্র.সা.)	অবমুক্ত	ব্যয়	আর্থিক	বাস্তব	ব্যয়	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
(ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :										
১।	দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায়- (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৬	৩৮৫৯০.৯৩	১০৫৯০.০০	৪৪৭৭.৭৪	৪৪৫০.৬৯	৪২.০২%	৪৫%	৩০৯৯৪.১৪	৮০.৩১%	৮৫%
২।	পল্লী জীবিকায়ন প্রকল্প- ৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৭	৯৫৫৪৬.৩৫	৭৪৭১.০০	৩৪১১.০০	৩০৩৫.৭৬	৪১%	৪৩%	৮৫৭৪১.০০	৯০%	৯১%
(খ) সমবায় অধিদপ্তর :										
৩।	দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত) জুলাই ২০২২ হতে জুন ২০২৬	১৫৬৮৮.২৪	৩৩০০.০০	১৬৫০.০০	১৪৭৪.৫৭	৪৫%	৫০%	৯৬৪৭.১৯	৭২.০৯%	৭৫%
৪।	সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প (২য় সংশোধিত) জুলাই ২০২১ হতে জুন ২০২৭	৫৬৫৬.৪০	১১২৬.০০	২০৬.৩০	৯৫.৮২	৮.৫১%	২৫%	৩৫৭৮.৩৪	৬৩.২৬%	৮০%

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	প্রাক্কলিত ব্যয়	২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্ত ও ব্যয়			চলতি (২০২৫-২৬) অর্থবছরের অগ্রগতি		ক্রমপুঞ্জিভূত ব্যয় ও অগ্রগতি		
			বরাদ্দ (প্র.সা.)	অবমুক্ত	ব্যয়	আর্থিক	বাস্তব	ব্যয়	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
(গ) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া :										
৫।	গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধাসম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প জুলাই ২০১৪ হতে জুন ২০২৪ (০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াধীন)	২৫১১৬.১৭ (জিওবি ২১৮০৫.২৭ ও উপকারভোগী ৩৩১০.৯০)	১.০০	০.০০	০.০০	-	-	১৭৪০৯.৬৮	৭৯.৮৪%	৭৯.৭৯%
৬।	সমবায় ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন প্রায়োগিক গবেষণা প্রকল্প। জুলাই ২০২২ হতে জুন ২০২৬	১১৪১.০০	৯০২.৬১	১৯২.৫০	১৩৪.৫১	৩৪.৯৪%	৬৪.২৯%	৩৫২.৬০	৩০.৯০%	৬৫.৪৭%
(ঘ) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ):										
৭।	দারিদ্র্য বিমোচনের ক্ষুদ্র সঞ্চয় যোজন (১ম সংশোধিত) জুলাই ২০২২ হতে জুন ২০২৬	১৪৯০০.০০	১৪৬৭.০০	৬৪২.০০	৪৯২.৬৮	৩৩.৫৮%	৭৬%	১৩৬৯০.৪০	৯১.৮৮%	৮৯%
(ঙ) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ):										
৮।	পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ-২য় পর্যায় শীর্ষক প্রকল্প জুলাই ২০২৪ হতে জুন ২০২৭	৫২৯৬১.০০	১৬৭৩৮.০০	৪১০৯.৫০	১৬৬০.২৮	৭.৬৪%	৩.১৩%	৪০৫৫.৮৫	১৮.৬৬%	৭.৬৬%

৫.০। দপ্তর/সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত:

সভাপতি সভার কার্যপত্র অনুযায়ী প্রকল্পের আউটপুট সম্পর্কে উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালকদের আহ্বান জানান। সে পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালকগণ স্বীয় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। এ সম্পর্কিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো:

(ক) বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি): মোট- ০২ (দুই) টি।

ক্র.	প্রকল্পের নাম ও	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০১।	দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) (১ম সংশোধিত) প্রকল্প। মেয়াদঃ জুলাই ২০২১ হতে জুন ২০২৬	প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৯ তলা হোস্টেল ভবন নির্মাণ কাজ ব্যতীত অন্যান্য সকল ভৌত অবকাঠামো নির্মাণ ও সংস্কার কাজসমূহ প্রকল্প মেয়াদে সম্পন্ন হবে। প্রকল্প মেয়াদের মধ্যে ৯তলা হোস্টেল ভবনটির কাজ শতভাগ সম্পন্ন করা সম্ভব হবে না বিধায় বিগত ১৬/০৯/২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় সংশোধনসহ প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে আলোকে আরডিপিপি প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	১) ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২) প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক বিআরডিবি এবং প্রকল্প পরিচালক

ক্র.	প্রকল্পের নাম ও	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০২।	পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় (১ম সংশোধিত) মেয়াদঃ জুলাই ২০২১ হতে জুন ২০২৭	প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কর্মপরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরো জানান, চলতি ২০২৫-২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ পুন:নির্ধারণ অনুমোদিত হয়েছে। ২য় কিস্তির অর্থ ছাড় হয়েছে। আরডিপিপি এর সংস্থান মোতাবেক সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে কম্পিউটার ও আসবাবপত্র ক্রয় কার্য সম্পন্ন করা হবে।	(১) যথাযথভাবে প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। (২) সকল আর্থিক বিধি বিধান এবং পিপিআর-২০২৫ যথাযথভাবে অনুসরণ করে কম্পিউটার ও আসবাবপত্র ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিআরডিবি এবং প্রকল্প পরিচালক

(খ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প:</u> **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি): মোট- ০৭ (সাত) টি।**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	অংশীদারিত্বমুলক পল্লী উন্নয়ন প্রকল্প-০৪ (পিআরডিপি-৪) মেয়াদ: জানুয়ারি, ২০২৫ হতে জুন, ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ৫৯৫৯৩.০০ লক্ষ টাকা	২০/০২/২০২৪ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়াছে।	-	প্রকল্পটির জনবল নির্ধারণে গত ২২/০৫/২০২৫ তারিখে অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেছে।	২৪/০৭/২০২৫ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	প্রকল্পটির যাচাই কমিটির সভা গত ১৫/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পের ওপর গত ০৪/০৯/২০২৫ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে ২৭/১১/২০২৫ তারিখের পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি একনেক সভায় উপস্থাপনের জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর থেকে ১৫/০১/২০২৬ তারিখে পরিকল্পনা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
২.	ওয়ান পল্লী ওয়ান প্রোডাক্ট (ওপপ): পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী প্রকল্প মেয়াদ: জানুয়ারি, ২০২৫ হতে ডিসেম্বর ২০২৬ প্রাক্কলিত ব্যয়: ৩০২৫.২১ লক্ষ টাকা	অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়াছে।	-	জনবল নির্ধারণে গত ০৪/০৪/২০২৪ তারিখে অর্থ বিভাগের অনুমোদন পাওয়া গেছে।	১১/১১//২০২৫ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পের ওপর গত ০৪/০৯/২০২৫ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে ১১/১১/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩.	সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (২য় পর্যায়) মেয়াদ: জুলাই ২০২৫ হতে জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ৩৮৭২২.৬৬ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	অর্থায়নের ধরণ নির্ধারনের জন্য ২১/১১/২০২৩ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে ১১/১২/২০২৪ তারিখে পুনরায় অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগের সম্মতি এখনও পাওয়া যায়নি।
৪.	ইউসিসিএ কেন্দ্রীক পল্লী উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প মেয়াদ: জুলাই, ২০২৫ থেকে জুন, ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৪৭৬৭.১৭ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পটির যাচাই কমিটির সভা ১৫/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
৫.	পল্লী প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প মেয়াদ: জুলাই, ২০২৫ থেকে জুন, ২০২৬ প্রাক্কলিত ব্যয়: ১৮৫.০০ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পটির যাচাই কমিটির সভা গত ১৭/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	১৭/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
৬.	জলবায়ু সহনশীল টেকসই জীবিকা প্রসার প্রকল্প এপ্রিল ২০২৫ হতে মার্চ ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৫৫০০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	-	প্রকল্পের অনুকূলে বৈদেশিক সাহায্য অনুসন্ধানের জন্য ১৬/০২/২০২৫ তারিখে পিডিপিপি পরিকল্পনা কমিশনে ও ইআরডিতে প্রেরণ করা হয়েছে।
৭.	গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প জানুয়ারি ২০২৬ থেকে ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৭,৫০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	-	সংস্থা থেকে ডিপিপি পাওয়া যায়নি।

(গ) <u>বাস্তবায়ন কারী সংস্থা:</u> **সমবায় অধিদপ্তর, মোট প্রকল্প- ০৪ (চার) টি ।**

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
বাস্তবায়নকারী সংস্থা: সমবায় অধিদপ্তর				
০১।	সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প' (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প। জুলাই ২০২১-জুন ২০২৬	সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান, গত ১৬ নভেম্বর ২০২৫ তারিখে আলোচ্য প্রকল্পটির জন্য সংরক্ষিত (থোক) বরাদ্দ হতে শুধুমাত্র মূলধন ব্যয় খাতে ৫.৯৪ কোটি টাকা বরাদ্দ প্রদানের অর্থ বিভাগ সম্মতি জ্ঞাপন করেছে। সে অনুযায়ী কার্যক্রম বিভাগ কর্তৃক চলতি অর্থ বছরের বরাদ্দসহ ১১২৬.০০ লক্ষ টাকা (রাজস্ব ২৫০.০০ লক্ষ ও মূলধন ৮৭৬.০০ লক্ষ) বরাদ্দ প্রদান করা হয়েছে।	সকল আর্থিক বিধি বিধান অনুযায়ী প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করতে হবে এবং কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা, প্রকল্প পরিচালক।

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০২।	দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প জুলাই ২০২২-জুন ২০২৭	প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে ৩৩০০.০০ লক্ষ (রাজস্ব-২৯৭.০০ লক্ষ ও মূলধন ৩৩০.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ১ম কিস্তির মাধ্যমে ৮২৫.০০ লক্ষ টাকা এবং ২য় কিস্তির মাধ্যমে ৮২৫.০০ লক্ষ টাকাসহ মোট ১৬৫০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী দক্ষতা উন্নয়ন (গাভী পালন) নিবিড় প্রশিক্ষণের ১০টি ব্যাচ, দক্ষতা উন্নয়ন (গাভী পালন) রিফ্রেশার্স প্রশিক্ষণের ৭২টি ব্যাচ, সমবায় সমিতির হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণের ০৭টি ব্যাচ, দুগ্ধজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণের ১০টি ব্যাচ, বায়োগ্যাস, ট্রাইকোডার্মা ও ভার্মীকম্পোস্ট বিষয়ক প্রশিক্ষণের ০৫টি ব্যাচ এবং কৃত্রিম প্রজনন কর্মী বিষয়ক প্রশিক্ষণের ০২টি ব্যাচ মোট ১০৬টি প্রশিক্ষণ ব্যাচ সমাপ্ত হয়েছে। এছাড়া ২০২৫-২৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ভোলা সদর উপজেলায় ১০০জন, ব্রাহ্মণপাড়া উপজেলায় ৫০জন, কলারোয়া উপজেলায় ৫০ জন এবং তালা উপজেলায় ৫০ জন, ফুলপুর উপজেলায় ৫০ জন, বাবুগঞ্জ উপজেলায় ২৫ জন, কাউনিয়া উপজেলায় ১০০ জন, মোহনগঞ্জ উপজেলায় ৫০ জন, হাটহাজারী উপজেলায় ১০০ জন, বুড়িচং উপজেলায় ৫০ জন, কুতুবদিয়া উপজেলায় ০৬জনসহ মোট ৬৩১জন সদস্যদের মাঝে ১২৬২.০০ লক্ষ টাকার ঋণের চেক বিতরণ করা হয়েছে।	১) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। ২) ঋণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক এবং প্রকল্প পরিচালক, সমবায় অধিদপ্তর
০৩.	সমবায়ের মাধ্যমে কৃষিপণ্যের বাজার ব্যবস্থাপনা ও ভ্যালুচেইন উন্নয়ন মেয়াদ: জানুয়ারি ২০২৫-জুন ২০২৬ প্রাক্কলিত ব্যয় : ১৯১.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক জানান যে, শীর্ষক প্রকল্পটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে প্রায় ০১ বছর লেগে যায়। প্রকল্প পরিচালক হিসেবে তিনি বিগত ১৭/১১/২০২৫ তারিখে প্রকল্পে যোগদান করেন। প্রকল্প পরিচালক নিয়োগে প্রায় ০১ (এক) বছর অতিবাহিত হওয়ায় প্রকল্পটি জুন/২৬ মেয়াদে সমাপ্ত হওয়ার কথা থাকলেও প্রকল্পের কার্যক্রম বিগত ১৭/১১/২৫ এর পূর্ব পর্যন্ত প্রায় ০১ (এক) বছর শুরু করা সম্ভব হয়নি। ইতোমধ্যে প্রকল্পের আওতায় QCBS পদ্ধতিতে কনসালট্যান্ট ফার্ম নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। কনসালট্যান্ট ফার্ম নিয়োগ করে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটির কার্যক্রম আগামী ০৬ মাসের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে না। ফলে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ১বছর বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পিএসসি সভা আহ্বান করে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।	উক্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে পিএসসি সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক।
০৪.	বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি মেয়াদ: জুলাই ২০২৫- জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৪৩৮০.০০ লক্ষ টাকা	সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত বরিশাল বিভাগের "দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম চলমান আছে।	দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও এ বিভাগের উন্নয়ন অধিশাখা।

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
০৫.	দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ মেয়াদ: জুলাই ২০২৫- জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৩৭৭৩.০০ লক্ষ টাকা	সমবায় অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত বরিশাল বিভাগের "দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ " শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম চলমান আছে।	দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ও এ বিভাগের উন্নয়ন অধিশাখা।

(ঘ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প: সমবায় অধিদপ্তর, মোট প্রকল্প- ০৪ (চার) টি।</u>

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	সমবায়ের মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন প্রকল্প মেয়াদ :জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৭ প্রাক্কলিত ব্যয় :২৬৯৫৮.২২ লক্ষ টাকা	প্রয়োজন নেই	-	২৬.০৭.২০২২ খ্রি: তারিখে অর্থ বিভাগে জনবল নির্ধারণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রেরণ করা হয়েছে।	১২.০৪.২০২২ খ্রি. তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ২৪/০৫/২০২৫ তারিখের একনেক বৈঠকে প্রকল্পটি উপস্থাপন করা হয়। একনেক বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
২.	জেলা সমবায় কার্যালয় নওগাঁর অফিস ভবন নির্মাণ প্রকল্প মেয়াদ :জুলাই ২০২৩ হতে জুন ২০২৫ প্রাক্কলিত ব্যয় : ১৪৭১.৮৯ লক্ষ টাকা	প্রকল্প ব্যয় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সমীক্ষা খাত/গবেষণা খাত হতে বহন করা হবে।	-	১৬.৭.২০২৪ তারিখে জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রেরণ করা হয়েছে।	১৬.১১.২০২৩ খ্রি. তারিখে যাচাই কমিটি সভা অনুষ্ঠিত হয়েছে।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১২/১০/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
৩.	রাজশাহী বিভাগের ক্ষুদ্র নৃতাত্ত্বিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর সমবায়ভিত্তিক কর্মসংস্থান সৃজন প্রকল্প মেয়াদ: জুলাই ২০২৪-জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয় : ৪৭৫৯.৮৭ লক্ষ টাকা	-	-	-	-	গত ১৬/০৪/২০২৫ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।	জনবল নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
৪.	বাংলাদেশ সমবায় একাডেমির প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ প্রকল্প মেয়াদ: জুলাই, ২০২৫ থেকে জুন, ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৬২৬২.৬৯	-	-	-	-	গত ১৬/০৪/২০২৫ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।	গত ১৬/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি এখনো সমবায় অধিদপ্তর হতে পাওয়া যায়নি।

(ঙ) বাস্তবায়নকারী সংস্থা: পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া; মোট প্রকল্প: ০২ (দুই) টি

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১।	গ্রামীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ প্রকল্প। জুলাই ২০১৪ - জুন ২০২৪ **(০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াধীন)**	প্রকল্প পরিচালক সভায় জানান যে, ক্রয়কৃত জমির নামজারীর আবেদন করা হয়েছে, যা প্রক্রিয়াধীন রয়েছে। পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন দিলে আরডিএ, বগুড়া'র প্রতিনিধির সমন্বয়ে কক্সবাজার জমি পরিদর্শন করতে হবে। এছাড়া, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলায় নির্মাণ কাজের অগ্রগতি-৭০% এবং গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর উপজেলায় নির্মাণ কাজের অগ্রগতি - ৩৫%।	(১) ক্রয়কৃত জমির নামজারীর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। (২) কক্সবাজার এলাকায় ক্রয়কৃত জমি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। (৩) আলাদা ০১টি সভা আয়োজনের ব্যবস্থা নিতে হবে।	মহাপরিচালক, আরডিএ, বগুড়া এবং প্রকল্প পরিচালক, সহকারী সচিব (পরি-৬), এ বিভাগ।
০২।	সমবায়ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্প জুলাই, ২০২৩- জুন, ২০২৬	প্রকল্প পরিচালক জানান যে, গভীর নলকূপ স্থাপন টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। যন্ত্রপাতি ক্রয়ের কার্যাদেশ দেয়া হয়েছে। ৩০জুন ২০২৬ ধরে কর্মপরিকল্পনা প্রণয়ন করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রকল্পটির সফলতা নিরুপনের জন্য আইএমইডি এর সুপারিশ অনুসারে ও ৭ম পিএসসি সভার সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের মেয়াদ ০১(এক) বছর বৃদ্ধির জন্য আরএডিপি প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য কার্যক্রম চলমান রয়েছে।	১) প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির বিষয়ে এখন থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, আরডিএ, প্রকল্প পরিচালক এবং পরিকল্পনা শাখা-৬, এ বিভাগ।
(চ) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট অর্থায়নের প্রকল্প- পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া, মোট প্রকল্প- ০২ (দুই) টি				
১)	পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন বরেন্দ্রভুমিতে আইওটি ও ডেটা সায়েন্সের মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত মাটির ক্ষয় ও উর্বরতা হ্রাস প্রতিরোধ গবেষণা" শীর্ষক প্রকল্প (আই-সয়েল প্রজেক্ট), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। বাস্তবায়নকাল: (০১ অক্টোবর, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত প্রাক্কলিত ব্যয়: ৪৬৪.৭০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক সভায় জানান যে, গবেষণা সরঞ্জামাদি, সফটওয়ার ডেভেলপমেন্ট এবং ডাটাবেইস কার্যাদেশ অনুসারে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ **HOPE** কর্তৃক গঠিত কারিগরি কমিটির মাধ্যমে প্রকল্প পরিচালককে বুঝিয়ে দিয়েছেন। এছাড়া সৌর শক্তিচালিত নেচারালি ভেন্টিলেটেড পলিহাউস (NVPH) স্থাপন কাজ (আরডিএ মাদার স্টেশন, বগুড়া) এবং নওগাঁ জেলার পোরশা ও ধামইরহাট ২টি প্রজেক্ট সাইটে নির্মান কাজ ৫০% সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান। তিনি আরো জানান যে, কনসাল্টিং ফার্ম নিয়োগের নিমিত্ত পিপিআর ২০২৫ এর আলোকে Shortlisted ০৪ (চার)টি কনসাল্টিং ফার্ম/প্রতিষ্ঠানের নিকট RFP এর মাধ্যমে কারিগরি ও আর্থিক প্রস্তাবনা আহবান করা হয়েছে।	১) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	মহাপরিচালক, আরডিএ, বগুড়া ও প্রকল্প পরিচালক ।

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
২।	"পরিবেশবান্ধব প্রযুক্তির মাধ্যমে জলবায়ু পরিবর্তন ঝুঁকিতে থাকা চরবাসীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্প মেয়াদ: জুন ২০২৫ মে ২০২৭ পর্যন্ত প্রাক্কলিত ব্যয়: ১৩০০.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়নের নিমিত্তে চলমান অর্থবছরের জন্য একটি কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অংশগ্রহণমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচিত ১২ টি প্রকল্প এলাকায় ১২ টি সমিতি (চর কৃষি উদ্যোক্তা সমিতি) গঠন করা হয়েছে এবং উক্ত ১২ টি সমিতি সমাজসেবা অধিদপ্তর/সমবায় অধিদপ্তর থেকে রেজিস্ট্রেশনের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় "গাভী পালন এবং গরু হৃষ্টপুষ্টকরণ বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স (০৫ দিন মেয়াদী) ০১ ব্যাচ এবং "নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স (০৫ দিন মেয়াদী) ০১ ব্যাচ আরডিএ, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও "মার্কেট ডেভেলপমেন্ট বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স (০৩ দিন মেয়াদী) ০৩ ব্যাচ এবং "চর উপযোগী প্রযুক্তি বাস্তবায়ন বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স (০৩ দিন মেয়াদী) ০২ ব্যাচ প্রকল্প এলাকায় অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অধীনে ০৪ টি জেলার ১২ টি উপজেলার ১২ টি চরে দিবস ব্যাপি গ্রুপ মটিভেশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় গত ২৫/০৮/২০২৫ তারিখে পিআইসি'র ১ম সভা পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও গত ১২/১০/২০২৫ তারিখে পিএসসি'র ১ম সভা এ বিভাগে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অধীনে ইজিপি-টেন্ডারের মাধ্যমে সৌরশক্তি নির্ভর নলকূপ স্থাপন ও সেচ কাঠামো নির্মাণ-০১ টি, স্থানান্তরযোগ্য পলিনেট হাউস নার্সারী স্থাপন-০৪ টি এবং বজ্রপাত নিরোধক-১৬ টি স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। স্থাপন-৩০ টি ইজিপি-টেন্ডারের মাধ্যমে সম্পাদনের জন্য টেন্ডার প্রসেসিং (ডাটা এন্ট্রি ও আনুষাঙ্গিক) চলমান রয়েছে। প্রকল্পের অধীনে ০৪টি জেলার ১২টি উপজেলায় ১২ টি চর নির্বাচন সম্পন্ন করা হয়েছে।	কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত কার্যাদি সম্পাদন করতে হবে এবং নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক, আরডিএ-বগুড়া এবং প্রকল্প পরিচালক

(ছ) **সবুজ পাতায় অর্ন্তভুক্ত প্রকল্প: পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া; মোট প্রকল্প- ০৫ (পাঁচ) টি।**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	আরডিএ উদ্ভাবিত গ্রামীণ নারীর বীজ ব্যবসা মডেল সম্প্রসারণের মাধ্যমে টেকসই জীবিকায়ন ও নারীর ক্ষমতায়ন প্রকল্প জুলাই ২০২৪- জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ১০০০.০০ লক্ষ টাকা	প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থ বাস্তবায়নের সম্মতি প্রদানের জন্য গত ১৯.০২.২০২৫ তারিখে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়ছে।	-	-	-	২৪/০৭/২০১৮ খ্রি. তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ১৯/০২/২০২৫ খ্রি. তারিখে সম্পূর্ণ জিওবি অর্থে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
২.	টেকসই জাত উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি ভিত্তিক গবাদিপ্রাণি পালন ও সুষম খাদ্য ব্যবস্থাপনা এবং দুগ্ধজাতকরণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্প জুলাই ২০২৪- জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৪৯৬১.০০ লক্ষ টাকা	-	-	-	-	১৫/০৯/২০১৯ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ১৯/০২/২০২৫ খ্রি. তারিখে সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়নের জন্য ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
৩.	আরডিএ অবকাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প জুলাই ২০২৪- জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ২৫০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	০৫/১২/২০২১ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ১৯/০২/২০২৫ খ্রি. তারিখে সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়নের জন্য ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
৪.	সেচ ও কৃষি প্রযুক্তির সম্প্রসারণ করে বালুচরে শস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে নদী বিস্তৃত এলাকার মানুষের জীবনমান উন্নয়ন জুলাই ২০২৫- জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ২,০০০.০০	-	-	-	-	১৩/০৯/২০১৯ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ১১/০১/২০২৬ খ্রি. তারিখে সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়নের জন্য ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
৫.	পুষ্টি-সংবেদনশীল জলবায়ু সহিষ্ণু কৃষি প্রযুক্তির মাধ্যমে চরাঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা ও জীবনমান উন্নয়ন (লাইফ) প্রকল্প। জুলাই ২০২৪- জুন ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ২০০০০.০০ লক্ষ টাকা	নতুন প্রকল্প, প্রস্তাব অর্থ বিভাগে এখনো প্রেরণ করা হয়নি	-	জনবলের প্রস্তাব এখনো প্রেরণ করা হয়নি	-	হয়নি।	বৈদেশিক সহায়তা অনুসন্ধান কমিটির'র ৬৮ তম সভা আগামী ১৩/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য যে, এ প্রকল্পের ফান্ডের জন্য ইআরডির মাধ্যমে ইফাদকে অনুরোধ জানানো হয়েছে।

নতুন অনুমোদিত প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা: ০১ (এক) টি

ক্র.	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ বিষয়ক প্রায়োগিক গবেষণা শীর্ষক প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২৬ থেকে ডিসেম্বর ২০২৮ প্রাক্কলিত ব্যয় : ৪৩৮০.০০ লক্ষ টাকা	বার্ড, কুমিল্লার প্রতিনিধি জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা এর প্রতিনিধি জানান যে, বার্ড কতৃক প্রস্তাবিত "গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ বিষয়ক প্রায়োগিক গবেষণা" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম চলমান আছে। দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগ করা হলে অন্যান্য কার্যক্রম চালু হবে।	দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বার্ড (কুমিল্লা) এবং উন্নয়ন অধিশাখা, এ বিভাগ।

(জ) সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা , মোট প্রকল্প- ০৪ (চ) টি

ক্র.নং	প্রকল্পের নাম ও মেয়াদ	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ উন্নয়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা জুলাই ২০২৪- জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৪১০০.০০ লক্ষ টাকা	১৩.০৮.২০২৫ তারিখে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়াছে।	-	গত ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে জনবলের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	প্রেরণ করা হয়নি।	১৪/০২/২০২২ তারিখে প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ১২/০১//২০২৬ খ্রি. তারিখে সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়নের জন্য ডিপিপি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২.	পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা প্রকল্প জুলাই ২০২৪ -জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয় :৪৮৪৯.৬৪ লক্ষ টাকা	-	অর্থ বিভাগ হতে অসম্মতি জ্ঞাপন করা হয়।	-	-	১৩/০৪/২০২৫ তারিখে প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ০৩/০৮/২০২৫ খ্রি. তারিখে প্রকল্প প্রস্তাব উপস্থাপন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পের জমি বরাদ্দের বিষয়ে জেলা পরিষদ, রাঙ্গামাটি ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিপিপি হালনাগাদকরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং তা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হবে।
৩.	বাংলাদেশে গ্রামীণ রূপান্তরের চ্যালেঞ্জ মোকাবিলায় বার্ডের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি। জানুয়ারি ২০২৬- ডিসেম্বর ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ২,৪৮০.০০ লক্ষ টাকা	-	-	-	পিডিপিপি প্রেরণ করা হয়েছে।	-	পিডিপিপি ইআরডি ও পরিকল্পনা কমিশনের মাধ্যমে SWISS Development Agency-কে প্রেরণ করা হয়েছে। গত ১৯ জুন ২০২৫ খ্রি. তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সংগঠিত বৈদেশিক সহায়তা অনুসন্ধান কমিটি'র ৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পে বৈদেশিক অর্থায়নের জন্য SWISS Development Agency -কে অনুরোধ অনুরোধ করার বিষয়ে উল্লেখ রয়েছে।

ক্র.নং	প্রকল্পের নাম ও মেয়াদ	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪.	বাংলাদেশে স্যামুয়েল প্লাস দারিদ্র্য বিমোচন কর্মসূচি (SPEPP) জানুয়ারি ২০২৬- ডিসেম্বর ২০৩৪ প্রাক্কলিত ব্যয়: ৪৬,৯৬০.১০ লক্ষ টাকা	-	-	-	পিডিপিপি প্রেরণ করা হয়েছে।	-	পিডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে ইআরডি, পরিকল্পনা কমিশন ও KOICA Bangladesh অফিসে প্রেরণ করা হয়েছে। গত ১৯ জুন ২০২৫ খ্রি. তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সংগঠিত বৈদেশিক সহায়তা অনুসন্ধান কমিটি'র ৬৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পে বৈদেশিক অর্থায়নের জন্য KOICA, Bangladesh-কে অনুরোধ করার বিষয়ে উল্লেখ রয়েছে।

(ঞ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প:</u> **পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), গোপালগঞ্জ। মোট প্রকল্প- ০১ (এক) টি**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	সুনীল অর্থনীতির মানব মূলধন হিসেবে উপকূলীয় জেলে সম্প্রদায়ের বিকল্প কর্মসংস্থান সহায়তার মাধ্যমে জীবনমান উন্নয়ন প্রকল্প জুলাই ২০২৫ -জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ২০০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পের যাচাই কমিটির সভা ১৭/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য গত ২৫.০৮.২০২৫ তারিখে ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(ট) <u>বাস্তবায়নকারী সংস্থা:</u> **ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ): মোট প্রকল্প- ০১ (এক) টি।**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১।	দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প। জুলাই ২০২২ -জুন ২০২৬ প্রাক্কলিত ব্যয়: ১৪৯০০.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক জানান যে, অর্থ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে পরিকল্পনা কমিশন হতে জিও পত্র পাওয়া গেছে। প্রকল্পের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। পরিকল্পিত কর্মপরিকল্পনা অনুসারে বিভিন্ন কার্যক্রম ধাপে ধাপে সম্পন্ন করা হচ্ছে। অধিকাংশ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কার্যক্রমসমূহ ও নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে জোরদার তদারকি ও মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রয়োজনীয় প্রশাসনিক ও আর্থিক অনুমোদন সময়মতো সম্পন্ন করায় প্রকল্প বাস্তবায়নে দৃশ্যমান অগ্রগতি অর্জিত হয়েছে। বর্তমান অগ্রগতির ভিত্তিতে আশা করা যাচ্ছে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করে প্রকল্প সমাপ্ত করা সম্ভব হবে।	১) কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ এবং প্রকল্প পরিচালক

(ঠ) **সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প: ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) মোট প্রকল্প: ০১ (এক)টি**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ (২য় পর্যায়) প্রকল্প জুলাই ২০২৪ -৩০ জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ২৬,৩০০.০০ লক্ষ টাকা	-	-	প্রযোজ্য নয় (জনবল অতিরিক্ত দায়িত্বে)	প্রেরণ করা হয়নি।	গত ০৪.০৪.২০২৩ যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	গত ০৮/১০/২০২৪ খ্রি. অর্থায়নের ধরণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(ড) **বাস্তবায়নকারী সংস্থা: পল্লী দারিদ্র্যে বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ): মোট প্রকল্প- ০১ (এক) টি।**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
২.	পিডিবিএফ এর কার্যক্রম সম্প্রসারণ-২য় পর্যায় শীর্ষক প্রকল্প জুলাই ২০২৪-জুন ২০২৭ প্রাক্কলিত ব্যয়: ৫২৯৬১.০০ লক্ষ টাকা	প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সে মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে। আশা করা যাচ্ছে ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে।	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ এবং প্রকল্প পরিচালক।

(ঢ) **সবুজ পাতায় অর্ন্তভুক্ত প্রকল্প: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), মোট প্রকল্প: ০২ (দুই)টি**

ক্র. নং	প্রকল্পের নাম ও মেয়াদকাল	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকদের শস্য সংগ্রহ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দুরীকরণ প্রকল্প - ২য় পর্যায় জুলাই ২০২৫-জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ৫০০০.০০ লক্ষ টাকা	২০/০৮/২০২৫ তারিখে পুনরায় অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য অর্থ বিভাগে ডিপিপি প্রেরণ করা হয়েছে।	-	প্রযোজ্য নয় (জনবল অতিরিক্ত দায়িত্বে)	-	গত ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	পুনর্গঠিত ডিপিপি প্রেরণের জন্য কার্যক্রম চলমান রয়েছে।
২.	''পিডিবিএফ এর সক্ষমতা বৃদ্ধিকরণ'' শীর্ষক প্রকল্প জুলাই ২০২৫ -জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ২০০০.০০ লক্ষ টাকা		-	প্রযোজ্য নয় (জনবল অতিরিক্ত দায়িত্বে)	-	গত ২৬/০৪/২০২৩ খ্রি. তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	অর্থ বিভাগ হতে ০৮/১০/২০২৫ তারিখে অনুদান হিসেবে অর্থায়নে অসম্মতি জ্ঞাপন করেছে।

(গ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প:</u> বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), মোট প্রকল্প: ০২ (দুই)টি

ক্র .নং	প্রকল্পের নাম ও মেয়াদ	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের অসম্মতি	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	"সমবায়ী পর্যায়ে অনলাইনে দুগ্ধ সংগ্রহ হতে ভোক্তা পর্যায়ে বিপণন ব্যবস্থাপনাসহ সকল পর্যায়ে ডিজিটালাইজেশনের মাধ্যমে মিল্কভিটার সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্প জুলাই ২০২৫ থেকে জুন ২০২৮ প্রাক্কলিত ব্যয়: ৩,৫৬২.০০ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পের যাচাই কমিটির সভা ১৭/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	গত ১৭/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি মিল্কভিটা হতে পাওয়া যায় এবং প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৫৬১.৯৯ লক্ষ টাকার মধ্যে জিওবি (২৬৭৪.৮৮ লক্ষ টাকা) অনুদান হিসেবে অর্থ সংস্থানের সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে।
২.	"দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ কারখানার বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নকল্পে ঢাকা দুগ্ধ কারখানা, ঢাকায় এবং বাঘাবাড়িঘাট দুগ্ধ কারখানা, সিরাজগঞ্জে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপনের মাধ্যমে পরিবেশ ও জনস্বাস্থ্য উন্নয়ন" শীর্ষক প্রকল্প জুন ২০২৫-জুলাই ২০২৯ প্রাক্কলিত ব্যয়: ২,৩০০.০০ লক্ষ টাকা	-	-	-	-	প্রকল্পের যাচাই কমিটির সভা ১৭/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	গত ১৭/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি মিল্কভিটা হতে পাওয়া যায় এবং প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকার মধ্যে জিওবি (২০০০.০০ লক্ষ টাকা) অনুদান হিসেবে অর্থ সংস্থানের সম্মতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে।

(ঘ) <u>সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্প:</u> পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, মোট প্রকল্প: ০১ (এক)টি

ক্র .নং	প্রকল্পের নাম ও মেয়াদ	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের সম্মতি	অর্থায়নের ধরণের অর্থ বিভাগের	জনবল নির্ধারণে সম্মতি	পরিকল্পনা কমিশনে প্রেরণ	যাচাই কমিটির সভা অনুষ্ঠিত	ডিপিপির প্রণীত
১	২	৩	অসম্মতি	৫	৬	৭	৮
১.	সার্বিক গ্রাম উন্নয়ন ও কর্মীসৃজন প্রকল্প জুলাই ২০২৫ -জুন ২০৩০ প্রাক্কলিত ব্যয়: ৬৫০০০.০০					০৯/০৪/২০২৫ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্প বাস্তবায়ন পর্যায়ের জনবল নির্ধারণের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের নিমিত্ত এ বিভাগের পরিকল্পনা-১ শাখায় কার্যক্রম চলমান রয়েছে।

৬.০ **২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন :**

যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, ২০২২-২৩ ও ২০২৪-২৫ অর্থবছরে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার ০৫টি প্রকল্প সমাপ্ত হয়। যার মধ্যে আরডিএ, বগুড়া এর ০২টি এবং মিল্কভিটা এর ৩টি প্রকল্প সমাপ্ত হয়। সমাপ্ত ০৫টি প্রকল্পের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১টি প্রকল্পের পিসিআর পরীক্ষা-নিরীক্ষার পর আইএমইডিতে প্রেরণ করা হয়েছে । অবশিষ্ট ৪টি প্রকল্পের মধ্যে, আরডিএ, বগুড়া এর ০১টি প্রকল্প এবং মিল্কইউনিয়ন হতে প্রাপ্ত ৩টি প্রকল্পের পিসিআর এখনো এ বিভাগে পাওয়া যায়নি।

আলোচ্যসূচি-৪: **২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্পের অগ্রগতি:**

ক্র. নং	সমাপ্ত প্রকল্পের নাম	দপ্তর/সংস্থা	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১।	দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রামের পটিয়ায় দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প জানুয়ারি ২০১৭- জুন ২০২৩	মিল্ক ইউনিয়ন	আগামী ১৫ দিনের মধ্যে পিসিআর এ বিভাগে প্রেরণ করতে হবে।	পিসিআর এখনো পাওয়া যায়নি।
০২।	সিরাজগঞ্জের বাঘাবাড়ীঘাটে গুঁড়ো দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প। জানুয়ারি ২০১৫-ডিসেম্বর ২০২২	-ঐ-	আগামী ১৫ দিনের মধ্যে পিসিআর এ বিভাগে প্রেরণ করতে হবে।	পিসিআর এখনো পাওয়া যায়নি।
০৩।	শেখ জহরুল হক পল্লী উন্নয়ন একাডেমি, যশোর প্রতিষ্ঠাকরণ শীর্ষক প্রকল্প মেয়াদ: জুলাই ২০২২ হত জুন ২০২৬	আরডিএ, বগুড়া	আগামী ১৫ দিনের মধ্যে পিসিআর এ বিভাগে প্রেরণ করতে হবে।	পিসিআর এখনো পাওয়া যায়নি।
০৪।	কুড়িগ্রাম ও জামালপুর জেলাক প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক প্রকল্প মেয়াদ: জুলাই, ২০১৮ হতে জুন ২০২৫		গত ০৪.০১.২০২৫ খ্রি: তারিখে আইএমইডিতে পিসিআর প্রেরণ করা হয়েছে।	আইএমইডি হতে অদ্যাবধি পিসিআর মূল্যায়ন প্রতিবেদন পাওয়া যায়নি।
০৫.	বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে গবাদি পশুর জাত উন্নয়ন, চারণভূমি সৃজন ও দুগ্ধে বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণে দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৮ - জুন ২০২৫	মিল্ক ইউনিয়ন	প্রকল্প সমাপ্তির প্রতিবেদন (পিসিআর) আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পিসিআর এখনো পাওয়া যায়নি।

৭.০ **বিবিধ আলোচনা:**

৭.১ সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে গত ১৯ আগস্ট ২০২৫ তারিখে সভার নির্দেশনা মোতাবেক প্রতিটি দপ্তর/সংস্থায় প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত ০৩(তিন) জনের একটি PD Pool গঠন করতে হবে। প্রকল্প পরিচালকের পুল করা হলে একটি প্রকল্প গ্রহণের ক্ষেত্রে একজনকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করা হলে কাজটি সুষ্ঠু ও সুন্দরভাবে করা যাবে। পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র অনুযায়ী নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।

৭.২ নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর বলেন যে, কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে Integrated Digital Service Delivery Platform (IDSDP) এর মাধ্যমে সমবায়ের কার্যক্রম পরিচালনা করার সমস্যা হচ্ছে। কারণ জাতীয় সমবায় সমিতি ব্যতীত অন্যান্য সমবায় সমিতিগুলো তাদের নিজস্ব আয় দ্বারা পরিচালিত হয়। সে ক্ষেত্রে উক্ত সফটওয়্যার দ্বারা কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না। তবে প্রকল্পগুলোর কার্যক্রম উক্ত সফটওয়ার এর মাধ্যমে পরিচালনা করা সম্ভব।

৭.৩ বিআরডিবি'র মহাপরিচালক বলেন ইতোমধ্যে বিআরডিবি কর্তৃক একটি ফোকাল পারসন নিয়োগ করা হয়েছে। তিনি আরও বলেন বিআরডিবি'র প্রকল্পগুলো IDSDP সফটওয়্যারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে।

৭.৪ বার্ড, কুমিল্লার প্রতিনিধি বলেন যে, "পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা" শীর্ষক প্রকল্পটির বিষয়ে গত ০৩/০৮/২০২৫ খ্রি. তারিখে প্রকল্প প্রস্তাব উপস্থাপন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পের জমি বরাদ্দের বিষয়ে জেলা পরিষদ রাঙ্গামাটি সম্মতি জ্ঞাপন করেছে। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিপিপি হালনাগাদকরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং তা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নেয়া হবে।

৭.৫ মহাপরিচালক, আরডিএ, বগুড়া সভায় জানান যে, তাদের ০৪টি প্রকল্প অর্থায়নের ধরণ ও জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন যে, প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য তাঁর স্বাক্ষরে একটি আধা -সরকারি পত্র প্রেরণ করতে হবে।

৭.৬ এ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় আলোকপাত করেন যে, প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সকল আর্থিক বিধি-বিধান অনুযায়ী খরচ করতে হবে যাতে অর্থের কোন অপচয় না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

৭.৭ সভাপতি বলেন যে, আগামী ১৫ দিনের মধ্যে সকল দপ্তর/সংস্থা PD Pool গঠন করে এ বিভাগকে অবহিত করবে।

৮.০ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান
০১.	পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র অনুযায়ী নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা ও প্রকল্প পরিচালকগণ।
০২.	কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে Integrated Digital Service Delivery Platform (IDSDP) এর মাধ্যমে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা ।
০৩.	"পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন বিষয়ক প্রায়োগিক গবেষণা" শীর্ষক প্রকল্পটির জমি বরাদ্দের বিষয়ে জেলা পরিষদ পরিষদ, রাঙ্গামাটি হতে সম্মতি পাওয়া গেছে। সে পরিপ্রেক্ষিতে ডিপিপি হালনাগাদ করে দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বার্ড, কুমিল্লা ।
০৪.	অননুমোদিত প্রকল্পের অর্থায়নের ধরণ ও জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগে সচিব মহোদয়ের স্বাক্ষরে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
০৫.	প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ সকল আর্থিক বিধি-বিধান অনুযায়ী খরচ করতে হবে যাতে অর্থের কোন অপচয় না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।	সকল দপ্তর/সংস্থা ও সকল প্রকল্প পরিচালক।
০৬.	আগামী ১৫দিনের মধ্যে সকল দপ্তর/সংস্থা PD Pool গঠন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে অবহিত করবে।	সকল দপ্তর/সংস্থা।

৯.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০২/২০২৬
(মোহাং শওকত রশীদ চৌধুরী)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৮.০১.২০২৬ তারিখে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর-ডিসেম্বর, ২০২৬ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবী	দপ্তর/সংস্থার নাম
১.	জনাব মুনিমা হাফিজ অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২.	জনাব প্রদীপ কুমার মহোত্তম অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)	-ঐ-
৩.	জনাব সুব্রত কুমার সিকদার যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন)	-ঐ-
৪.	জনাব স্বপন কুমার বসু উপসচিব (পরিকল্পনা শাখা-৫)	-ঐ-
৫.	জনাব মোঃ সাহাদৎ হোসেন উপসচিব (উন্নয়ন অধিশাখা)	-ঐ-
৬.	জনাব তাহ্‌নিয়া রহমান চৌধুরী উপসচিব (পরিকল্পনা শাখা-২)	-ঐ-
৭.	জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা উপসচিব (পরিকল্পনা শাখা-১)	-ঐ-
৮.	জনাব এ কে এম কবিরুল হুদা চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার	-ঐ-
৯.	জনাব মোঃ আবদুর রহিম সহকারী সচিব (পরিকল্পনা শাখা-৪)	-ঐ-
১০.	ইঞ্জিনিয়ার সুশান্ত রায় সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	-ঐ-
১১.	জনাব মোঃ নূরে আলম উপপ্রধান	কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা কমিশন
১২.	জনাব সরদার মোঃ কেরামত আলী মহাপরিচালক	বিআরডিবি
১৩.	জনাব মোঃ আলাউদ্দিন সরকার প্রকল্প পরিচালক (পজীপ)	-ঐ-
১৪.	জনাব মোঃ রাশেদুল আলম প্রকল্প পরিচালক (ইরেসপো-২য় পর্যায়)	-ঐ-
১৫.	জনাব মোঃ জিয়াউল হাসান উপপরিচালক (পরিকল্পনা)	-ঐ-
১৬.	জনাব মোঃ ইসমাইল হোসেন নিবন্ধক ও মহাপরিচালক	সমবায় অধিদপ্তর
১৭.	জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন যুগ্মনিবন্ধক ও প্রকল্প পরিচালক	-ঐ-
১৮.	মোহাম্মদ মনিরুল ইসলাম যুগ্মনিবন্ধক (প:উ:)	-ঐ-
১৯.	জনাব তোফায়েল আহম্মদ যুগ্মনিবন্ধক ও প্রকল্প পরিচালক দুগ্ধ সম্প্রসারণ প্রকল্প	-ঐ-
২০.	জনাব রঞ্জন কুমার গুহ পরিচালক (বার্ড)	বার্ড-কুমিল্লা
২১.	ড. এ.বি.এম মাহবুব আলম মহাপরিচালক	আরডিএ, বগুড়া
২২.	ড. মোঃ আব্দুল মজিদ যুগ্মপরিচালক (পিপিএম)	-ঐ-

২৩.	জনাব মোঃ দেলোয়ার হোসেন প্রকল্প পরিচালক	-ঐ-
২৪.	জনাব মোছাঃ রেবেকা সুলতানা উপপরিচালক ও প্রকল্প পরিচালক, সিপিএমপি	-ঐ-
২৫.	জনাব মোঃ শরীফ উদ্দিন তালুকদার যুগ্মপরিচালক ও প্রকল্প পরিচালক	পিডিবিএফ
২৬.	জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান ব্যবস্থাপনা পরিচালক	এসএফডিএফ
২৭.	জনাব মোঃ আবুল কালাম আজাদ প্রকল্প পরিচালক	-ঐ-